

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৪০.১৮-২৪


তারিখ: ২৮.০১.২০১৯খ্রি:

বিষয়: কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ এর ধারা ৪(২), ২৪ বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ০৮ অক্টোবর, ২০১৮ তারিখে ২০১৮ সনের ৫২নং আইন হিসেবে 'কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮' বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় গত ০৩ জানুয়ারি ২০১৯ তারিখে ড. মো: ইউনুস আলী প্রমাণিক (৭৪৯২) অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে সংযুক্ত-কে ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট হিসেবে প্রেষণে নিয়োগ প্রদান করা হয়। তিনি গত ০৬.০১.২০১৯ তারিখে যোগদান করেন এবং কার্যক্রম শুরু করেছেন।

এমতাবস্থায়, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্টের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ এর ৪(২), ২৪ সহ সংশ্লিষ্ট ধারা বাস্তবায়নে নিয়োক্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) ব্যবস্থাপনা পরিচালকের মাঠ পর্যায়ে কার্যক্রম মনিটরিং এর জন্য একটি গাড়ীর ব্যবস্থাকরণ;
- (খ) কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ এর ধারা ৪(২), ২৪ অনুসারে 'Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (RHCIB)' শীর্ষক প্রকল্প, অতঃপর সমাপ্ত প্রকল্প বলিয়া উল্লিখিত, এবং 'Community Based Health Care' শীর্ষক অপারেশনাল প্ল্যানের যাবতীয় কার্যক্রম physically-ব্যবস্থাপনা পরিচালক-কে বুঝিয়ে দেয়া।

  
(এস এম জাহাঙ্গীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৯৫৪০

লাইন ডাইরেক্টর  
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার  
বিএমআরসি ভবন (২য় তলা)  
মহাখালী, ঢাকা।

অনুলিপি: সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রফেসর ডা: সৈয়দ মোদাচ্ছের আলী, সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. যুগ্ম সচিব (প্রবা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।